

Total number of printed pages-4

1 (Sem-4) BEN 2

2025

BENGALI

Paper : BEN0400204



(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ)

Full Marks : 60

Time : 2½ hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। (১×৮=৮)
- (ক) চর্যাগীতিগুলি কোন্ ভাষায় রচিত?
- (খ) চর্যাপুথির টীকা কে লিখেছিলেন?
- (গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে রাধিকার মাতার নাম কী?
- (ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কোন্ খন্ডে শ্রীকৃষ্ণ রাধিকার উদ্দেশে ফুল পাঠিয়েছিলেন?
- (ঙ) বাংলা সাহিত্যে কোন্ গানগুলিকে 'মালসি' বলা হয়?
- (চ) কোন্ শাস্ত্র পদকর্তার উপাধি ছিল 'কবিরঞ্জন'?

(ছ) বৈষ্ণব পদাবলিতে মধুর রসকে কয়টি ভাগে ভাগ করা হয়?

(জ) বিদ্যাপতি কোন্ ভাষায় রাধাকৃষ্ণ বিষয়ক পদ রচনা করেছেন?

২। সংক্ষেপে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। (২×৬=১২)

(ক) চর্যাগীতির যে-কোনো দুজন কবির নাম লেখো।

(খ) চর্যাগীতির সাধনতত্ত্ব অনুযায়ী চার প্রকার আনন্দের নাম লেখো।

(গ) চর্যাগীতির সাধনতত্ত্ব অনুযায়ী মেরুদণ্ডের দুই পাশে অবস্থিত নাড়িগুলির নাম লেখো।

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি কত সালে কোথা থেকে প্রকাশিত হয়?

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রথম দুটি খণ্ডের নাম লেখো।

(চ) শাক্ত পদাবলির আগমনী ও বিজয়া পর্যায়ের একটি করে গানের উদাহরণ দাও।

(ছ) রামপ্রসাদ সেন কোন্ গ্রামে জন্মগ্রহণ করেছিলেন? তাঁর পৃষ্ঠপোষক রাজার নাম লেখো।

(জ) চৈতন্য পরবর্তী মধ্যযুগের যে-কোনো দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

(ঝ) 'পূর্বরাগ' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর এই পর্যায়ের যে-কোনো একটি পদের উদাহরণ দাও।

(ঞ) অভিসার পর্যায়ের পদরচনায় কৃতিত্ব দেখিয়েছেন, এই রকম দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৫×৪=২০

(ক) কাহ্নপাদের 'নগর বারিহিরে' চর্যাগীতিতে প্রতিফলিত সমাজচিত্রের বিবরণ দাও।

অথবা

(খ) টীকা লেখো : সন্ধ্যাভাষা

(গ) "যত নানা ফুল পান কর্পূর সব পেলাইল পাত্র"—প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য বুঝিয়ে দাও।

অথবা

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'তাম্বুল' খণ্ডে বড়াই চরিত্রের গুরুত্ব ব্যাখ্যা করো।

(ঙ) 'আমি কি হেরিলাম নিশি-স্বপনে'—কমলাকান্ত ভট্টাচার্য রচিত 'বিজয়া-দশমী' কবিতায় এই কাতরোক্তি শাক্ত পদটির বিষয়বস্তু বুঝিয়ে লেখো।

অথবা

(চ) বিজয়া পর্যায়ের পদরচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব তোমার পাঠ্য পদ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

(ছ) 'এ সখি হামারি দুখের নাহি ওর' পদটির কাব্য সৌন্দর্য করো।

অথবা

(জ) গৌড়ীয় বৈষ্ণব দর্শনের পাঁচটি মুখ্য ভক্তিরস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

(ক) চর্যাপুথির প্রথম গানটির বিষয়বস্তু তথা ধর্মীয় তাৎপর্য সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ প্রস্তুত করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'জন্মখণ্ড' অবলম্বনে নারদ চরিত্র আলোচনা করো।

(গ) তোমার পঠিত শাক্ত পদগুলিতে বঙ্গীয় সমাজচিত্রের যে প্রতিফলন লক্ষ করা যায়, তার পরিচয় দাও।

(ঘ) গৌরাঙ্গ-বিষয়ক পদ হিসাবে গোবিন্দদাস কবিরাজের "নীরদ নয়নে নীরসন সিঞ্চনে" পদটির সার্থকতা বিচার করো।

(ঙ) তোমার পঠিত বৈষ্ণব পদ অবলম্বনে রূপানুরাগ পর্যায়ের পদরচনায় জ্ঞানদাসের কৃতিত্ব মূল্যায়ন করো।